# উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরনী

সভাপতিঃ জনাব মোঃ সাইদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
স্থানঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া।
তারিখঃ ১২-০৯-২০২১ ইং
সময়ঃ সকাল ১০:০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ( পরিশিষ্ট-১)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। আতঃপর তিনি কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসারকে সভার আলোচ্যসুচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা কৃষি অফিসার, কুমারখালী কুষ্টিয়া সভার আলোচ্যসুচী সকলকে পাঠ করে শোনান এবং আলোচ্যসুচী অনুযায়ী নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| ১ | সভার সদস্য সচিব গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে সকলকে অবহিত করেন। | কোন সংশোধনী না থাকায় সিদ্ধান্তসমূহ দৃঢ়করন করা হয়। | |
| ২ | ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দ, উত্তোলন ও মজুদ পরিস্থিতি বিষয়ে সদস্য সচিব সভায় নিম্নবর্নিত প্রতিবেদন উপস্থাপন করেন<br><br>সারের নাম / বরাদ্দ (মেঃ টন) / উত্তোলন (মেঃ টন) / বিক্রয় (মেঃ টন) / মজুদ (মেঃ টন)<br>ইউরিয়া / ৬৪২ / ৭৮ / ৬৩৫ / ১৫৭<br>টিএসপি / ৯৯ / ২০ / ১১৩ / ৩২<br>এমওপি / ১৯৮ / ২৫ / ৭১ / ৭৮<br>ডিএপি / ১৬৫ / ১৫ / ১৩৮ / ৬২<br><br>বাজারে সারের সরবরাহ ও মজুদ পরিস্থিতি সন্তোষজনক। | বর্তমানে আমন ধানে সার প্রয়োগ চলমান থাকায় অধিক চাহিদার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে ইউরিয়া ও নন-ইউরিয়া সার যথাসময়ে উত্তোলন, মজুদ ও রেজিস্ট্রারে নিপিবদ্ধ করার মাধ্যমে বিক্রয় করার জন্য সকল বিসিআইসি ও বিএডিসি সার ডিলারদের অনুরোধ জানানো হয়। এছাড়াও কোথাও যেন অধিক মূল্যে ও ভেজাল সার ও বালাইনাশক বিক্রয় না হয় সে বিষয়ে সকলকে সতর্ক করা হয়। | উপজেলা কৃষি অফিসার , সকল বিসিআইসি ও বিএডিসি সার ডিলার। |
| ৩ | দেশের পেয়াজের উৎপাদন বাড়িয়ে ঘাটতি পুরনের জন্য রবি মৌসুমের পাশাপাশি খরিপ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেয়াজের আবাদ উদবুদ্ধকরনের জন্য কৃষি মন্ত্রনালয় থেকে ঘোষিত প্রনোদনা কর্মসূচী এর আওতায় ৪৯০ জন কৃষককে ১ বিঘা গ্রীষ্মকালীন পেয়াজ চাষের জন্য ১ কেজি বীজ, ২০ কেজি ডিএপি,১০ কেজি এমওপি,পলিথিন,বালাইনাশক ও বাঁশ +শ্রমিক খরচ বাবদ ২৮০০ টাকা নগদ অর্থ প্রদান করা হবে। এছাড়াও ৫০ জন কৃষককে ৫০০ গ্রাম পাটবীজ,১০ কেজি ডিএপি,১০ কেজি ইউরিয়া,১০কেজি এমওপি এবং শ্রমিক ও বালাইনাশক বাবদ ২৬৩০ টাকা নগদ অর্থ প্রদান করা হবে। মাসকলাই চাষকে উৎসাহিত করার জন্য ২৩০ জন চাষীকে ৫কেজি বীজ, ১০ কেজি ডিএপি,১০কেজি এমওপি সার প্রনোদনার আওতায় প্রদান করা হবে। | কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে সঠিক কৃষক সনাক্ত করে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৪ | ৫০% ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণের জন্য আগ্রহী কৃষকদের নিকট থেকে আবেদন আহ্বান করা হয়েছিল। ইতোমধ্যে ২১ টি কম্বাইন্ড হারভেষ্টার, ১টি রিপার, ২টি পায়ার থ্রেসার এবং ৫টি পাওয়ার স্প্রেয়ারএর আবেদন জেলা কৃষি পুনর্বাসন কমিটির সুপারিশসহ অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরন করা হয়েছে। তালিকা অনুমোদন ও যন্ত্রের বরাদ্দ পাওয়া গেলে বিতরন করা হবে। | প্রকল্পের নীতিমালা অনুসারে কৃষি যন্ত্রপাতি সুষ্ঠভাবে বিতরণের ব্যবস্থা করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৫ | কৃষি তথ্যবাতায়নে কৃষক তথ্য অন্তর্ভুক্তিকরন চলমান রয়েছে। ব্যাপক প্রচারনা এবং কৃষকদের উৎসাহিত করার জন্য সকল দপ্তরের কর্মকর্তা, কর্মচারী, জনপ্রতিনিধি,সাংবাদিক সহ সাধারন কৃষক প্রতিনিধি নিয়ে অবহিতকরন সভার আয়োজন করার প্রয়োজন। | আবহিতকরন সভার আয়োজন করার জন্য প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৬ | বিবিধ বিষয়ে কোন আলোচনা উপস্থাপিত হয় নি। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সাইদুর রহমান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।

স্মারক নং-

তারিখঃ ১২/০৯/২১

সদয় অবগতির জন্য প্রেরিত হলঃ
১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
২।ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

অবগতি ও কার্যার্থে প্রেরিত হলঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
২। ........................................................, সম্মানিত সদস্য, উপজেলা কৃষি ও সেচ কমিটি, কুমারখালী, কুষ্টিয়া।
৩। অফিস নিথি।

১৭/৯/২১

(দেবাশীষ কুমার দাস)
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
কুমারখালী,কুষ্টিয়া।

CamScanner